

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং- ১১

নভেম্বর ০২, ২০১০  
তারিখ : -----  
কার্তিক ১৮, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের চাকুরীতে আবেদনের ক্ষেত্রে পে-অর্ডার/ড্রাফট আকারে ফি আদায় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

জাতীয় অর্থনৈতিক কর্মকাণ্ডে এবং আন্তর্জাতিক ব্যবসায় ব্যাংকিং খাতের গুরুত্বপূর্ণ অবদান অনস্বীকার্য। এ কারণে ব্যাংকের চাকুরীর প্রত্যাশা ও ব্যাংকিং পেশায় নিজেস্ব নিয়োজিত করার সুযোগ পাওয়া যে কোন চাকুরী প্রার্থীর জন্য একটি কাঙ্ক্ষিত বিষয়। কিন্তু ব্যাংকের চাকুরীর জন্য আবেদনকালে পে-অর্ডার/ড্রাফট আকারে ফি প্রদান করা একজন বেকার যুবকের জন্য অত্যন্ত কষ্টসাধ্য। এ প্রসঙ্গে লক্ষ্য করা যায় যে, বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংক এবং কিছু বেসরকারী মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক চাকুরীর আবেদনপত্রের সাথে কোনরূপ অর্থ আদায় করে না যা অত্যন্ত উৎসাহব্যঞ্জক এবং প্রশংসার দাবী রাখে।

এমতাবস্থায়, যে সকল ব্যাংক তাদের চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে ফি আদায় করছে তাদেরকে বিষয়টি উপরোক্ত প্রেক্ষাপটে বিবেচনা করার জন্য অনুরোধ জানানো হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৭১১৭৮২৫